৬

ভোরের কাগজ

তারিখ ... 04 AUG 1998 ...
পৃঃ ৭ ... কলাম ... ৪ ...

# বাউবি এসএসসি প্রোগ্রাম পরীক্ষার ফল প্রকাশ : পাশের হার ৫২.৯২

**কাগজ ডেস্ক :** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) প্রোগ্রামের প্রথম ব্যাচের চূড়ান্ত পরীক্ষায় ৫২ দশমিক ৯২ শতাংশ পরীক্ষার্থী পাস করেছে। বাউবি এসএসসি প্রোগ্রামের প্রথম ব্যাচে সারা দেশে মোট ১২ হাজার ৪৯৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছিল। এর মধ্যে ৬ হাজার ৬১২ জন পাস করেছে। ২ হাজার ৮৯০ জন প্রথম বিভাগ, ৩ হাজার ৬৯১ জন দ্বিতীয় বিভাগ ও ৩১ জন তৃতীয় বিভাগ পেয়েছে। গতকাল এ ফলাফল প্রকাশ করা হয়।

পরীক্ষার ফলাফলে কুমিল্লার মুরাদনগর ডি আর সরকারি হাইস্কুল টিউটোরিয়াল কেন্দ্রের মোঃ নুরুল ইসলাম প্রথম স্থান অধিকার করেছে। দুটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৮১৭। চারটি লেটারসহ ৮১১ নম্বর নিয়ে দ্বিতীয় স্থান অধিকার করেছে নেত্রকোনার কেন্দুয়া জয়হরি সরকারি উচ্চ বিদ্যালয় টিউটোরিয়াল কেন্দ্রের জেসমিন আক্তার খানম। তৃতীয় স্থান অর্জন করেছে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়াস্থ বাংলাদেশ রেলওয়ে সরকারি উচ্চ বিদ্যালয় টিউটোরিয়াল কেন্দ্রের মুজাহিদুল হক। তিনটি লেটারসহ সে পেয়েছে ৮০৫ নম্বর।

স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে অথবা আঞ্চলিক কেন্দ্রে পরীক্ষার ফল পাওয়া যাবে। ফল জানার জন্য তাদের উক্ত স্থানে যোগাযোগ করতে বলা হয়েছে।

● এরপর– পৃষ্ঠা ২
● সম্মিলিত মেধা তালিকা– পৃষ্ঠা ২

# বাউবি এসএসসি প্রোগ্রাম পরীক্ষার ফল প্রকাশ

● প্রথম পাতার পর

## সম্মিলিত মেধা তালিকা

**প্রথম :** পরিচিতি নম্বর : ৯৫০১০১৩৭০০৪, নাম মোঃ নুরুল ইসলাম, প্রাপ্ত নম্বর : ৮১৭ (লেটার ২টি), টিউটোরিয়াল কেন্দ্র : মুরাদনগর ডিআর সরকারি হাইস্কুল, কুমিল্লা। **দ্বিতীয় :** ৯৫০১০০৬১০০১, জেসমিন আক্তার খানম, ৮১১ (৪টি), কেন্দুয়া জয়হরি সরকারি হাইস্কুল নেত্রকোনা। **তৃতীয় :** ৯৫০১০১৫১০৪৮, মুজাহিদুল হক, ৮০৫ (৩টি), বাংলাদেশ রেলওয়ে সরকারি হাইস্কুল, আখাউড়া। **চতুর্থ :** ৯৫০১০২৮৪০১৫, শামসুন নাহার, ৭৯৮ (৪টি), আর এস কে এইচ ইনস্টিটিউট, মাগুরা। **পঞ্চম :** ৯৫০১০২৫৭০৫৬, শাহনাজ পারভিন, ৭৯৬ (৩টি), মংলাবন্দর হাইস্কুল, বাগেরহাট। **ষষ্ঠ :** ৯৫০১০২৫৭০৭৭, আসাম ইসলাম, ৭৮৯ (৩টি), মংলাবন্দর হাইস্কুল, বাগেরহাট। **সপ্তম :** ৯৫০১০৪৩৬০২০, রশিদা বেগম, ৭৮২ (২টি), হাতিবান্ধা এস এম হাইস্কুল, লালমনিরহাট। **অষ্টম :** ৯৫০১০২৫৭০২৯, তপন কুমার মণ্ডল, ৭৮১ (২টি), মংলাবন্দর হাইস্কুল, বাগেরহাট। **নবম :** ৯৫০১০৪৬১০৩১, নাসিমা নাজনীন, ৭৭৫ (২টি), এম এ মজিদ হাইস্কুল, খুলনা। **দশম :** ৯৫০১০০৭৪০১৬, রুহিনা রহমান, ৭৭৩ (১টি), রানীভবানী হাইস্কুল, টাঙ্গাইল। **একাদশ :** ৯৫০১০২৯৫০২১, মোঃ মাসুদ খান, ৭৭২ (২টি), আলমডাঙ্গা পাইলট হাইস্কুল, চুয়াডাঙ্গা। **দ্বাদশ (২ জন) :** ৯৫০১০২৫৯০২৪, শৈলেন্দ্র নাথ মণ্ডল, ৭৬৯ (২টি), চিতলমারী হাইস্কুল, বাগেরহাট এবং ৯৫০১০০৭৮০২৯, মোর্শেদা আক্তার, ৭৬৯ (২টি), সখিপুর পিএম হাইস্কুল, টাঙ্গাইল। **ত্রয়োদশ :** ৯৫০১০১৯৬০৩১, নাইমা জাহান, ৭৬৮ (৩টি), লাখাই এসিআরসি হাইস্কুল, হবিগঞ্জ। **চতুর্দশ :** ৯৫০১০২৪২০৩৩, শাহনাজ পারভিন, ৭৬৬ (২টি), পাইকগাছা সরকারি হাইস্কুল, খুলনা। **পঞ্চদশ (৪ জন) :** ৯৫০১০১৩৭০৫১, শাহিনুর আক্তার, ৭৬৪ (২টি), মুরাদনগর সরকারি হাইস্কুল, কুমিল্লা। ৯৫০১০২৯১০২০, ইভাকনা রোজালিন, ৭৬৪ (২টি), খোকসা জানিপুর হাইস্কুল, কুষ্টিয়া। ৯৫০১০২৫৭০৩৮, মোঃ জামশেদ আলী, ৭৬৪ (২টি), মংলাবন্দর হাইস্কুল, বাগেরহাট এবং ৯৫০১০২৫৭০৬০, মোসলেমা খাতুন, ৭৬৪ (২টি), মংলাবন্দর হাইস্কুল, বাগেরহাট। **ষোড়শ :** ৯৫০১০২৫৩০৪৮, শাহিদা পারভিন, ৭৬৩ (৩টি), রায়েনদা পাইলট হাইস্কুল, বাগেরহাট। **সপ্তদশ :** ৯৫০১০৪৩৬০১৫, হাসিনা মমতাজ, ৭৬২ (১টি), হাতিবান্ধা এস এম হাইস্কুল, লালমনিরহাট। **অষ্টাদশ (৩ জন) :** ৯৫০১০৩৪৫০৩৮, ফরিদা খাতুন, ৭৬১, নওহাটা হাইস্কুল পাবা, রাজশাহী। ৯৫০১০২৪৭২২৯, কাকলী বিশ্বাস, ৭৬১ (২টি), চালনা কেসি হাইস্কুল, খুলনা এবং ৯৫০১০৪৬৫০১৭, শেখ শাকিলা হোসেন কিনু, ৭৬১ (২টি), বঙ্গবাসী হাইস্কুল, খুলনা। **উনবিংশ (৩ জন) :** ৯৫০১০১৩৭০৫০, রোকেয়া বেগম, ৭৫৯ (১টি), মুরাদনগর সরকারি হাইস্কুল, কুমিল্লা। ৯৫০১০১৭১০৩০, শামীম আরা বেগম, ৭৫৯ (২টি), খিলবাইসা ইউনিয়ন হাইস্কুল, লক্ষ্মীপুর এবং ৯৫০১০০১৫০৩২, হোসনে আরা বেগম, ৭৫৯ (২টি), আড়াইহাজার পাইলট হাইস্কুল, নারায়ণগঞ্জ। **বিংশ (২ জন) :** ৯৫০১০১০৬০০৫, মোঃ মহিউদ্দিন, ৭৫৭ (৩টি), মাদারীপুর পাবলিক ইনস্টিটিউশন, মাদারীপুর এবং ৯৫০১০২৫৬০২৪, রহিমা ফেরদৌস, ৭৫৭ (১টি), ওয়াজেদ মেমোরিয়াল হাইস্কুল, বাগেরহাট। বিজ্ঞপ্তি।